



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল বুধবার পর্যন্ত অত্যধিক তাপের পূর্বাভাস সম্পর্কে সর্বশেষ তথ্য নিউ ইয়র্কবাসীকে প্রদান করলেন

নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, মোহক ভ্যালি, মিড হাডসন, ক্যাপিটাল রিজিয়ন এবং সাউদার্ন টিয়ারের জন্য তাপ উপদেশ জারি করা হয়েছে

সোমবার ও মঙ্গলবার অনুভূত হওয়ার তাপমাত্রা 100 ডিগ্রির বেশি হতে পারে

গভর্নর ক্যাথি হোকল আজকে অত্যধিক তাপ ও উচ্চ আর্দ্রতা সম্পর্কে সর্বশেষ তথ্য নিউ ইয়র্কবাসীকে প্রদান করলেন যা বুধবার পর্যন্ত স্টেটকে প্রভাবিত করবে বলে আশঙ্কা করা হচ্ছে। সোমবার এবং মঙ্গলবারের তাপমাত্রা সম্পূর্ণ স্টেটজুড়ে 95 - 104 এর মধ্যে বিপজ্জনক পর্যায়ে অনুভূত হবার তাপমাত্রার কারণ হবে এমন সম্ভাবনা রয়েছে। এছাড়াও নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, মোহক ভ্যালি, সাউদার্ন টিয়ার এবং মিড হাডসন সোমবার বিকাল থেকে সোমবার সন্ধ্যা পর্যন্ত চরম বজ্রপাতসহ ঝড়ের সামান্য ঝুঁকি রয়েছে।

এছাড়াও নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডে সোমবার সকাল 11টা থেকে রাত 11টা পর্যন্ত ওজোনের জন্য বাতাসের মান স্বাস্থ্য উপদেশ কার্যকর থাকবে। মঙ্গলবার ক্যাপিটাল রিজিওন এবং সাউদার্ন টিয়ারে বিচ্ছিন্ন তীব্র বজ্রপাতসহ ঝড় হতে পারে। আবহাওয়ার নজরদারি, সতর্কতা, উপদেশ এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকা দেখতে [জাতীয় আবহাওয়া পরিষেবার \(National Weather Service\) ওয়েবসাইট](#) ভিজিট করুন।

"তীব্র তাপ ও উচ্চ আর্দ্রতার সংমিশ্রণ একটি গুরুতর স্বাস্থ্য ঝুঁকির কারণ হবে তাই ঠাণ্ডা থাকতে ও নিরাপদ থাকতে নিউ ইয়র্কবাসীর উচিত সতর্কতা অবলম্বন করা," **গভর্নর হোকল বলেন।** "হাইড্রেটেড থাকতে, আমাদের সুন্দর স্টেট পার্কসমূহে বিনামূল্যে পুলের অ্যাক্সেসের সদ্ব্যবহার করতে, এবং এই সময় ঠাণ্ডা থাকার জন্য আগে থেকে পরিকল্পনা করতে আমি নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক স্টেট পার্কসে (New York State Parks) সাঁতার কাটার জন্য পুল এবং সৈকত উপলভ্য রয়েছে। গভর্নর হোকল এই গ্রীষ্মকালের জন্য নিউ ইয়র্ক স্টেট পার্কের পুলের এন্ট্রি ফি মওকুফ করে দিয়েছেন। বেড়াতে যাওয়ার পূর্বে যেই পার্কে তারা যাওয়ার পরিকল্পনা করছে দর্শনার্থীদের উচিত সাঁতার কাটার সুযোগকে প্রভাবিত করতে পারে এমন যেকোনো আবহাওয়া বা পানির পরিস্থিতি সম্পর্কে সর্বশেষ খবরের জন্য সেখানকার আগে থেকে ফোন করা বা তাদের [ওয়েবসাইট](#) দেখা। এছাড়াও, আইওএস এবং এন্ড্রয়েড ডিভাইসের বিনামূল্যের নিউ ইয়র্ক স্টেট পার্কস এক্সপ্লোরার (New York State Parks Explorer) মোবাইল অ্যাপে পার্কের দশা সম্পর্কে সর্বশেষ সংবাদ উপলভ্য থাকে।

আপনি বিনামূল্যে এয়ার কন্ডিশনিং ইউনিট পাওয়ার যোগ্য হতে পারেন। হোম এনার্জি সহায়তা কর্মসূচি (Home Energy Assistance Program, HEAP) উপার্জনের ভিত্তিতে যোগ্য গৃহস্থালির জন্য এয়ার কন্ডিশনিং ইউনিট প্রদান করতে পারে, যোগ্য গৃহস্থালির মধ্যে চরম তাপের দ্বারা বৃদ্ধি পেতে পারে এমন নথিভুক্ত মেডিকেল অসুস্থতা সম্পন্ন ব্যক্তি, বা কমবয়সী শিশু বা বয়স্ক ব্যক্তিসহ গৃহস্থালি। তহবিল শেষ হওয়ার আগ পর্যন্ত আবেদন গ্রহণ করা অব্যাহত থাকবে। আরো তথ্যের জন্য, অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance, OTDA) [ওয়েবসাইট](#) ভিজিট করুন বা 1-800-342-9871 নম্বরে আপনার স্থানীয় অফিস ফর দ্য এজিংয়ের সাথে যোগাযোগ করুন।

গরম আবহাওয়ার সময় আপনি কী করতে পারবেন সেই সম্পর্কে তথ্য [স্বাস্থ্য বিভাগের \(Department of Health\) চরম তাপ ওয়েবসাইটে](#) পাওয়া যাবে। এছাড়াও আপনি [এখানে আপনার কাছের কুলিং সেন্টারের](#) অবস্থান জানতে পারবেন।

আপনার বয়স যাই হোক, আপনার আকার যেরকম হোক, বা আপনার যেই স্বাস্থ্য পরিস্থিতিই থাকুক না কেনো, চরম তাপের বিপদ সবাইকে আক্রান্ত করতে পারবে। চরম তাপের সময় স্বাভাবিক তাপমাত্রা বজায় রাখে শরীর অতিরিক্ত কাজ করে এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ না করা হলে এর ফলে তাপ সম্পর্কিত অসুস্থতা বা এমনকি মৃত্যুও হতে পারে।

সর্বাধিক ঝুঁকিসম্পন্ন গোষ্ঠী হলো:

- যারা ঘরের বাইরে বা ঘরের ভেতরে এয়ার কন্ডিশনিং ছাড়া কাজ করে
- 60 বছর বা তার বেশি বয়সী মানুষ
- নবজাতক, শিশু, এবং গর্ভবতী
- দীর্ঘস্থায়ী স্বাস্থ্য সমস্যা সম্পন্ন ব্যক্তি
- যাদের শারীরিক এবং কগনিটিভ অক্ষমতা রয়েছে

- যাদের এয়ার কন্ডিশনিংয়ের অ্যাক্সেস নেই
- যেসকল ব্যক্তি একা থাকে বা গৃহহীন
- অ্যাথলেট
- পোষা প্রাণী ও সার্ভিস অ্যানিমেল
- শহরে বাস করা মানুষ কারণ অ্যাসফল্ট এবং কংক্রিট দীর্ঘতর সময় তাপ জমা রাখতে পারে এবং রাতে ধীরে ধীরে সেই তাপ বের করে। এর ফলে রাতে উচ্চতর তাপমাত্রার সৃষ্টি হয় এবং এটিকে "শহুরে তাপ দ্বীপ প্রভাব" বলা হয়।

শিশু ও পোষা প্রাণীকে কখনোই গরম গাড়িতে একা রাখবেন না। যখন তাপমাত্রা গরম "মনে হয় না" তখনও শিশু বা পোষা প্রাণীকে গাড়িতে এক রেখে যাওয়ার ক্ষেত্রে বাস্তব ও মারাত্মক বিপদ রয়েছে। বাইরে যখন 60 ডিগ্রি তাপমাত্রা থাকে তখন বন্ধ গাড়িতে মাত্র এক ঘণ্টায় তাপমাত্রা 105 ডিগ্রির মতো গরম হয়ে যেতে পারে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)